**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল মোকদ্দমায় জড়িত হয়েছে এমন ব্যক্তিদের প্রতি আরো বেশি ন্যায়ের প্রচার ও তাদের মর্যাদা পুনঃস্থাপন করার জন্য বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

***বিধিমালা (A.6977A/S.643A) প্যারোলে থাকা মানুষদের চাকরি ধরে রাখতে এবং নিজেদের শিক্ষা অব্যাহত রাখতে সাহায্য করে আবশ্যিক সম্প্রদায় সুপারভিশন কর্মসূচিসমূহকে কর্মঘণ্টার বাইরেও সম্প্রসারিত করার মাধ্যমে***

***বিধিমালা (A.9273/S.8216) সাজাপ্রাপ্ত ব্যক্তিদের জন্য ক্ষতিকর কালিমা হ্রাস করে স্টেটের আইনের সেকেলে পরিভাষা সংশোধন করার মাধ্যমে***

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন যা মোকদ্দমায় জড়িয়ে পড়েছে এমন ব্যক্তিদের প্রতি আরো বেশি ন্যায়ের প্রচার ও তাদের মর্যাদা পুনঃস্থাপন করে। নতুন বিধিমালা প্যারোলে থাকা মানুষদের চাকরি ধরে রাখতে বা শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের সুযোগ অব্যাহত রাখতে সাহায্য করবে, প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তিদের জন্য আবশ্যিক সম্প্রদায় সুপারভিশন কর্মসূচিসমূহকে কর্মঘণ্টার বাইরেও সম্প্রসারিত করার মাধ্যমে। পাশাপাশি, নতুন বিধিমালা সাজাপ্রাপ্ত ব্যক্তিদের জন্য ক্ষতিকর কালিমা হ্রাস করে স্টেটের আইনের সাজাপ্রাপ্ত ব্যক্তিদের কথা বলার সময় ব্যবহৃত সেকেলে পরিভাষা সংশোধন করার মাধ্যমে।

"নিউ ইয়র্কে, আমরা আমদের ক্ষমতার মধ্যে সব কিছু করছি যাতে ন্যায়বিচার ও নিরাপত্তা হাতে হাত মিলিয়ে চলতে পারে," **গভর্নর হোকল বলেন।** "আমরা মোকদ্দমায়-জড়িত হয়েছে এমন ব্যক্তিদের তাদের পুনর্বাসন কর্মসূচির কাজ শেষ করা এবং একই সাথে নিজের কাজ করার সুযোগ প্রদান করে আমাদের সড়ক ও সম্প্রদায়সমূহকে নিরাপদতর করতে পারি। সকল নিউ ইয়র্কবাসীদেরকে মর্যাদা ও সম্মান প্রদান করার মাধ্যমে, আমরা জননিরাপত্তা বৃদ্ধি করতে পারি এবং একই সাথে নিশ্চিত করতে পারি যাতে নিউ ইয়র্কবাসীদের একটি ন্যায্য দ্বিতীয় সুযোগ থাকে।"

বিধিমালা (A.6977A/S.643A) প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তিদের জন্য আবশ্যিক সম্প্রদায় সুপারভিশন কর্মসূচিসমূহকে কর্মঘণ্টার বাইরেও সম্প্রসারিত করে, যা তাদের নিজেদের চাকরি ধরে রাখতে বা নিজেদের শিক্ষা কর্মসূচি অব্যাহত রাখতে সাহায্য করবে। প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তিদের জন্য অনেক ক্ষেত্রে কর্মঘণ্টা চলাকালীন সময়ে মাদক অপব্যবহার চিকিৎসা এবং

অন্যান্য পুনর্বাসন কর্মসূচিতে অংশগ্রহণ করা আবশ্যিক হয়, যার ফলে তাদের চাকরি ধরে রাখা বা শিক্ষামূলক বা প্রশিক্ষণ কোর্স করা কঠিন হয়ে যায়। সম্প্রদায়ের সুপারভিশন কর্মসূচিসমূহকে প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তিদের শিক্ষা, প্রশিক্ষণ, বা চাকরির সময়সূচির সাথে আরো ভালোভাবে যুক্ত করে, বিধিমালাটি তাদেরকে পুনর্বাসনমূলক কর্মসূচি ও শিক্ষামূলক সুযোগ উভয়কে অগ্রাধিকার প্রদান করতে দিবে।

**স্টেটের সিনেটর লুইস সেপুলভেডা বলেন,** "S.643A নিউ ইয়র্ক স্টেট সংশোধন ও সম্প্রদায় সুপারভিশন ডিপার্টমেন্টের (New York State Department of Corrections and Community Supervision, DOCCS) জন্য এটি আবশ্যক করবে যাতে একজন চাকরিসহ প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তি কর্মঘণ্টার বাইরে, যেমন রাতে ও সপ্তাহান্তে, মাদক ব্যবহার সংক্রান্ত চিকিৎসা ও অন্যান্য পুনর্বাসন কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে, যা কর্মদিবস চলাকালীন সময়ে কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য তাদের কাজে যেতে না পারা বা ছাটাই হওয়ার ঝুঁকিতে পড়ার বর্তমান অনুশীলন অনুসরণ করবে না। অনেক কর্মসূচি দিন, রাত ও সপ্তাহান্তে তাদের সেবা প্রদান করে থাকে, বা তাদের গ্রাহকদের প্রয়োজন অনুযায়ী করবে। প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তিদের এইসব কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য নিজেদের চাকরি ছেড়ে দেওয়া বা ছাটাই হওয়া প্যারোল সুপারভিশনের একটি মৌলিক উদ্দেশ্যকে লঙঘন করে যা হলো প্যারোলে মুক্তি পাওয়া ব্যক্তিদের চাকরি নিশ্চিত করতে এবং সমাজের উৎপাদনশীল সদস্য হয়ে উঠতে সাহায্য করা। আমি এই গুরুত্বপূর্ণ বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

**অ্যাসেম্বলি সদস্য মারিৎজা ডেভিলা বলেন,** "আমি এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধিমালার অংশটিকে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি, সংশোধন ফ্যাসিলিটিসমূহ থেকে সমাজে ফেরত আসা ব্যক্তিদের আরো ভালোভাবে অন্তর্গত করার জন্য আমাদের যা যা প্রয়োজন তার মধ্যে এটি একটি, এই বিলটি যেই ব্যক্তিদের পূর্ণকালীন লাভজনক চাকরি বা একাডেমিক দায়িত্ব উভয় রয়েছে তাদের সেই দায়িত্ব পালন করে যেতে দিবে যেহেতু তারা তাদের মাদক অপব্যবহার ও অন্যান্য পুনর্বাসনমূলক কর্মসূচির দায় পূরণ করতে রাত বা সপ্তাহান্ত ব্যবহার করতে পারবে, সশরীরে উপস্থিত থেকে বা ভিডিও মিটিংয়ের মাধ্যমে। একটি সমাজ হিসেবে আমাদের সেই সকল কিছু করা প্রয়োজন যা সমাজে ফেরত আসার রূপান্তরকে সহজতর করে এবং বিধিমালার এই প্যাকেজটি তাই করে।"

বিধিমালা (A.9273/S.8216) স্টেটের আইনে ব্যবহৃত "কয়েদি" শব্দকে পরিবর্তন করে "সাজাপ্রাপ্ত ব্যক্তি" করে। মোকদ্দমায় জড়িয়ে পড়া ব্যক্তিরা বহু দিন ধরে বলে আসছে যে ফেলোন, কয়েদি, কারাবাসী, এবং আসামীর মতো শব্দ তাদের অমানবিক বোধ করায় এবং এই ধারণা সমর্থন করে যে সাজাপ্রাপ্ত ব্যক্তিদের স্থায়ীভাবে অমঙ্গলকর এবং কলঙ্কিত করা উচিত। স্টেটের আইনে ভাষার এই পরিবর্তন মোকদ্দমায় জড়িয়ে পড়া ব্যক্তিদের প্রতি কালিমা হ্রাস করবে এবং ফলে তারা সুযোগ পেতে যেই প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা অপসারণ করবে। পূর্বের বিধিমালা স্টেটের আইনের সকল উদাহরণকে আওতাধীন করেছে কিন্তু এটি বিবেচনা করেনি যে 2021 সালে আইন হিসেবে স্বাক্ষর হওয়া বিধিমালার অংশে "কয়েদি" শব্দটি ব্যবহার করা হয়েছে।

**স্টেটের সিনেটর গুস্তাভো রিভেরা বলেন,** "ভাষার মূল্য রয়েছে। আমি গর্বিত যে আমার বিলটিকে গভর্নর হোকল আজকে স্বাক্ষর করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট আইনের সকল স্থানে ব্যবহৃত কয়েদি শব্দটিকে সাজাপ্রাপ্ত ব্যক্তি দ্বারা প্রতিস্থাপিত করবে। অনেক দীর্ঘ সময় ধরে, একটি সমাজ হিসেবে আমরা সাজাপ্রাপ্ত ব্যক্তিদের মানুষ হিসেবে গণ্য করিনি। "কয়েদি" শব্দটির ব্যবহার তাদেরকে আরো বেশি অমানবিক বোধ করায় এবং হতাশ করে দেয়। এটি হলো আরেকটি শক্ত পদক্ষেপ যা স্টেট আমাদের অপরাধ ন্যায়বিচার ব্যবস্থাকে শুধু শাস্তির উপর নির্ভরশীল না করে পুনর্বাসনমুখী বানাতে গ্রহণ করছে।"

**অ্যাসেম্বলি সদস্য জেফ্রিয়ন এল অব্রি বলেন,** "ফেলোন, কয়েদি, কারাবাসী, অপরাধী, এবং আসামীর মতো পেনোলজিক্যাল পরিভাষা মানুষকে অমানবিক করে, নিচু করে এবং কালিমা লেপন করে। 'সাজাপ্রাপ্ত ব্যক্তির' মতো ভাষা ব্যবহার করলে তা ব্যক্তির মানবিকতাকে স্বীকার করে এবং মানুষের মধ্যকার পরিত্রাণযোগ্য মূল্যবোধের উদাহরণ হিসেবে কাজ করে। নতুন আইনটি একজন ব্যক্তির নিজেদের সম্প্রদায়ে ফেরত আসার রূপান্তর প্রক্রিয়াকে বিরূপভাবে প্রভাবিত করে এমন সেকেলে পরিভাষা সংশোধন করতে চায়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418